প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন এবং আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৮.১৮.২৯ তারিখঃ ১৫-০২-২০১৮খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের Summer ব্যাচের ২য় ও ৪র্থ পর্ব এবং Winter ব্যাচের ১ম ও ৩য় পর্ব সমাপনী পরীক্ষা-২০১৮ আগামী ১১ মার্চ ২০১৮খ্রিঃ রোজ রবিবার হতে নৌবাহিনীর প্রশিক্ষণ ঘাঁটি বানৌজা শহীদ মোয়াজ্জম -এ অবস্থিত নেভাল ইন্সটিটিউট অব্ টেকনোলজি, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ১ম, ২য় ও ৩য় পর্ব সমাপনী পরীক্ষা লিথোবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে এবং ৪র্থ পর্ব OJT এর চূড়ামন্ত পরীক্ষা প্রবিধান মোতাবেক সম্পন্ন করতে হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

### ১. পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ

১.১ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের সকল পর্বের ফরম পূরণ অনুচ্ছেদ ৩.১০ এ বর্ণিত তারিখ অনুযায়ী বোর্ডের Website (www.bteb.gov.bd) এর মাধ্যমে Online এ করতে হবে।

১.২ নির্ধারিত ফি-সহ Online -এ পূরণকৃত ফরম ফিলাপের (EFF) Final List -এ পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত প্রিন্ট-আউট কপি পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে।

১.৩ ফরম পূরণের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৩.৯ অনুযায়ী) এবং Online -এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List এর প্রিন্ট-আউট কপি জমা দিতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, Website হতে সংগ্রহকৃত প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

১.৪ Total Question Count এর প্রিন্ট-আউট কপি বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

### ২। পরীক্ষার ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপঃ

**(ক) ১ম, ২য় ও ৩য় পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ**

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য) | ২২৫.০০ |
| ২ | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩ | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিষ্ঠান পাবে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৪ | নম্বরপত্র ফি (প্রতিষ্ঠান পাবে) | ৫০.০০ |

**(খ) ৪র্থ পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ**

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি | ৪০০.০০ |
| ২ | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩ | নম্বরপত্র ফি | ৭৫.০০ |
| ৪ | OJT ফি | ৫০০.০০ |

## ৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলিঃ

৩.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপের তথ্য এবং ফি এর ডিডি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে।

৩.৩ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে প্রদান করতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৩.৪ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যমন্তরীণ ও আভ্যমন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করা যেতে পারে।

৩.৫ ৪র্থ পর্বের প্রতি পরীক্ষার্থী হতে OJT ফি **বাবদ** আদায়কৃত ৫০০/- টাকা এর ৩০% = ১৫০/- টাকার মধ্যে OJT প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০/- টাকা এবং অন্যান্য সকল ফি-সমূহ (কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি বাদে) একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.৬ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ কেন্দ্র ফি তহবিলে ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক নির্ধারিত হারে পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৭ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। এ ক্ষেত্রে নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

৩.৮ বোর্ডে প্রেরণের পূর্বে প্রতিটি এন্ট্রিফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে টেকনোলজি, ব্যাচ ও পর্ব অনুযায়ী শ্রেণী বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। কোন ব্যতিক্রম গ্রহণ যোগ্য নয়।

৩.৯ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ও ব্যাচ ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে।

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের নাম | রোল নমবর | রেজিঃ নমবর ও সেশন | পর্ব | পরীক্ষার ফি | OJT ফি | বিলম্ব ফি | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

৩.১০ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| Online -এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে বিলমব ফি ছাড়া ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ৩০০/- টাকা (প্রতি পরীক্ষার্থী) বিলমব ফি সহ ফরম ফিলাপ করার সময়সীমা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট আউট কপি বোর্ডে জমা / গ্রহণের সময়সীমা | নির্ধারিত তারিখের (২৬-০২-১৮ তারিখ) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২৭-০২-১৮ তারিখ পর্যন্ত প্রিন্ট-আউট কপি, ফরোয়ার্ডিং ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ | প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা | সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ২২-০২-১৮ | ২০-০২-১৮ | ২২-০২-১৮ | ২৬-০২-১৮ | | ০৪-০৩-১৮ | ০৪-০৩-১৮ | ০৬-০৩-১৮ |

৩.১১ পরীক্ষার এন্ট্রিফরম ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিষ্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১২ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

## ৪. অন্যান্য শর্তাবলীঃ

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি-সমূহের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরমসমূহ ৩.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে এন্ট্রিফরম বোর্ড অফিসে প্রেরণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়মবনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও ফি-সমূহের অর্থ উক্ত ৩.১০ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময় এই বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করতে হবে।

**৪.৪ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার উত্তরপত্র গ্রহণের সময় পূর্বের উত্তরপত্র সমন্বয় করে উত্তরপত্র গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না (উত্তরপত্র গ্রহণের জন্য চাহিদা ফরম ১ ও ২ ব্যবহার করতে হবে)।**

৪.৫ ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যমত্ম) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৪.৬ ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এই মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৮.১৮.২৯(১৩) তারিখঃ ১৫-০২-২০১৮খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ**

১. কমান্ডার বিএন, নৌবাহিনী সদর দপ্তর, পার্সোনেল শাখা, নৌ প্রশিক্ষণ পরিদপ্তর, বনানী, ঢাকা।
২. সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম)/পরিচালত (আইটিসি)/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪. অধ্যক্ষ, নৌবাহিনীর প্রশিক্ষণ ঘাঁটি বানৌজা শহীদ মোয়াজ্জম, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্ট কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. নথি।



**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬